



## কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে ইরানের হামলায় নিহত ১



সংগৃহীত ছবি

কুয়েত আন্তর্জাতিক বিমানবন্দরে ড্রোন ও ক্ষেপণাস্ত্র হামলায় একজন নিহত এবং বেশ কয়েকজন আহত হয়েছেন বলে জানিয়েছে দেশটির পররাষ্ট্র মন্ত্রণালয়। হামলায় বিমানবন্দরের গুরুত্বপূর্ণ অবকাঠামোসহ কূটনৈতিক স্থাপনাও ক্ষতিগ্রস্ত হয়েছে।

বুধবার (৩ জুন) সামাজিক যোগাযোগমাধ্যম এক্সে দেওয়া এক বিবৃতিতে কুয়েত সরকার জানায়, বিমানবন্দরের টার্মিনালসহ বেসামরিক ও সংবেদনশীল স্থাপনাকে লক্ষ্য করে এই হামলা চালানো হয়। এতে প্রাণহানির পাশাপাশি বিভিন্ন স্থাপনায় উল্লেখযোগ্য ক্ষয়ক্ষতি ঘটে।

মন্ত্রণালয়ের দাবি অনুযায়ী, ক্ষতিগ্রস্ত অবকাঠামোর মধ্যে দূতাবাস ও কূটনৈতিক মিশনের সঙ্গে সম্পর্কিত কিছু ভবনও রয়েছে।

ঘটনার জন্য ইরানকে দায়ী করে কুয়েতের পররাষ্ট্র মন্ত্রণালয় বলেছে, ব্যালিস্টিক ক্ষেপণাস্ত্র ও ড্রোন ব্যবহার করে ধারাবাহিকভাবে এ ধরনের হামলা চালানো হচ্ছে, যা তারা কঠোরভাবে নিন্দা জানিয়েছে।

একই সঙ্গে কুয়েত সতর্ক করে জানিয়েছে, দেশের সার্বভৌমত্ব ও নিরাপত্তার বিরুদ্ধে যেকোনো হামলার জবাবে প্রয়োজনীয় ব্যবস্থা নেওয়ার পূর্ণ অধিকার তাদের রয়েছে।

এদিকে ইরানের পক্ষ থেকে এ বিষয়ে এখনো কোনো প্রতিক্রিয়া পাওয়া যায়নি। ঘটনায় উপসাগরীয় অঞ্চলের নিরাপত্তা পরিস্থিতি নিয়ে নতুন করে উদ্বেগ তৈরি হয়েছে।

সূত্র: আল জাজিরা